

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর



www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০২৩.০৭.১৬১.২১.১৪

তারিখ: ১ মাঘ ১৪২৮

১৫ জানুয়ারি ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থ বছরের নেত্রকোণা টেকনিক্যাল স্কুল ও কলেজের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৩৭.০৩.৭২৭৪.০০০.০১.০০০.২১/০৯৭৭, তারিখ: ২৭/১২/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত প্রস্তাবিত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' নিম্ন বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

শর্তাবলী :

- (১) বিভিন্ন উপখাতে কোড অনুযায়ী যথাযথ মালামাল অন্তর্ভুক্ত করে ক্রয় করতে হবে।
- (২) প্রশাসনিক ব্যয় (কোড ৩২১১) এ বর্ণিত উপখাত সংশ্লিষ্ট ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছতাসাধন পূর্বক যথাযথভাবে ব্যয় করতে হবে।
- (৩) পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট (কোড ৩২৪৩) এ বর্ণিত উপখাতের আওতায় টিওএন্ডইভুজ যানবাহন এবং ব্যয়ের সিলিং বিবেচনায় রেখে ব্যয় করতে হবে।
- (৪) মূলধন ব্যয় সংশ্লিষ্ট উপখাতসমূহে সম্পদ জাতীয় যন্ত্রপাতি/মালামাল এবং সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী উপখাতে সংশ্লিষ্ট মালামাল ক্রয় করতে হবে।
- (৫) প্রয়োজনীয়তার নিরিখে টেকনিক্যাল স্পেসিফিকেশনসহ মালামাল/যন্ত্রপাতির তালিকা প্রণয়ন করে ক্রয় করতে হবে।
- (৬) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ১২৮ অনুসরণে প্রণীত এবং জারীকৃত "ইলেকট্রনিক গভর্নামেন্ট প্রকিউরমেন্ট" (ই-জিপি) নির্দেশমালা মোতাবেক সরকারি তহবিলের অর্থ দ্বারা যে কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই ই-জিপি প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য যে, **Advertisement** এর তারিখ কোন কারণে পরিবর্তন হলে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'র তারিখ পরিবর্তন হবে। তবে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'তে উল্লিখিত অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকবে।

"পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮" মোতাবেক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা (**Delegation of financial power**) মোতাবেক সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে ক্রয় করতে হবে। কোন প্রকার আর্থিক অনিয়ম/অডিট আপত্তির জন্য আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্তঃ যাচাইকৃত ও স্বাক্ষরিত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'।

১৫-১-২০২২

মোঃ মোশাররফ হোসেন
পরিচালক ভোকেশনাল (অতিরিক্ত দায়িত্ব)

অধ্যক্ষ,
নেত্রকোণা টেকনিক্যাল স্কুল ও কলেজ, নেত্রকোণা।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০২৩.০৭.১৬১.২১.১৪/১

তারিখ: ১ মাঘ ১৪২৮
১৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২) মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩) অফিস কপি।



১৫-১-২০২২

মো: জাহিদুল হক
সহকারী পরিচালক